

সরকারি মেডিকেল কলেজসমূহে ভর্তির নিয়মাবলী

■ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা (শিক্ষাবর্ষ ২০১১-১২) :

- (ক) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
 (খ) যাহারা ২০০৮ অথবা ২০০৯ ইং সনে এসএসসি/সমমান এবং ২০১০ অথবা ২০১১ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় পাস করিয়াছে তাহারা আবেদনের যোগ্য।
 (গ) যাহারা পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যাসহ এইচএসসি/সমমান পরীক্ষায় ২০১০ এবং ২০১১ সনে পাস করিয়াছে তাহারাই কেবল মাত্র আবেদনের যোগ্য।
 (ঘ) S.S.C. ও H.S.C. এই দুই পরীক্ষায় জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০০ কিন্তু যেকোন একটিতে পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং H.S.C. তে জীববিজ্ঞানে ন্যূনতম জিপিএ ৩.৫০ হইতে হবে।

ইংরেজি মাধ্যমের ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য :

যাহারা বিদেশী শিক্ষা কার্যক্রমে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে, তাহাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশের প্রচলিত জিপিএ তে Convert করে Equivalence সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।

■ ভর্তি পরীক্ষার নিয়ম, বিষয়, ধরন, নির্ধারিত নম্বর ও সময় :

বিষয়	প্রশ্ন সংখ্যা	ধরন	নম্বর	সময়
পদার্থবিদ্যা	২০টি	M.C.Q.	১০০ নম্বর (প্রতিটি প্রশ্নের জন্য ১ নম্বর)	১ ঘণ্টা
রসায়নবিদ্যা	২৫টি			
জীববিদ্যা	৩০টি			
ইংরেজী	১৫টি			
সাধারণ জ্ঞান	১০টি			

M.C.Q. তে প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয়।

■ মেডিকেল কলেজ ও আসন সংখ্যা :

মোট মেডিকেল	সর্বমোট আসন	ঢাকা, সলিমুল্লাহ, ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট বরিশাল, রংপুর, রাজশাহী মেডিকেল	সোহরাওয়ার্দী, বগুড়া, খুলনা, দিনাজপুর মেডিকেল কলেজ	কুমিল্লা, ফরিদপুর মেডিকেল কলেজ	পাবনা, নোয়াখালী, যশোর কক্সবাজার, মেডিকেল কলেজ
১৮টি	২৩৬০টি	প্রতিটিতে ১৭৫টি করে সর্বমোট ১৪০০টি	প্রতিটিতে ১২৫টি করে সর্বমোট ৫০০টি	প্রতিটিতে ১০০টি করে সর্বমোট ২০০টি	প্রতিটিতে ৫০টি করে সর্বমোট ২০০টি

■ ভর্তি পরীক্ষার ফলাফল নির্ণয়ের পদ্ধতি :

লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের সাথে S.S.C. এর জিপিএ কে ৮ দ্বারা এবং H.S.C. এর জিপিএ কে ১২ দ্বারা গুণ করে যোগ করে মেধা তালিকা প্রকাশ করা হয়ে থাকে। মেধা কোটায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হয়। ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল ও প্রার্থীর দেওয়া কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হইবার সুযোগ পাইবে তা নির্ধারণ করা হয়ে থাকে।

■ গত বছর ভর্তি পরীক্ষার সময়সূচী : ২২ অক্টোবর ২০১০ ইং।

■ সংরক্ষিত আসন : ৩টি পার্বত্য জেলার উপজাতীয়/অ-উপজাতীয় (১২ টি) এবং অন্যান্য জেলার অ-উপজাতীয় (৮ টি) প্রার্থীদের জন্য সর্বমোট ২০(বিশ) টি আসন সংরক্ষিত থাকে। এছাড়া মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ৪০টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকে।

■ ওয়েবসাইট : www.dghs.gov.bd

বিডিএস কোর্সে ভর্তির নিয়মাবলি

- (ক) যাহারা ২০০৮ অথবা ২০০৯ ইং সনে এসএসসি/সমমান এবং ২০১০ অথবা ২০১১ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় পাস করিয়াছে তাহারা আবেদনের যোগ্য।
 (খ) যাহারা পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যাসহ এইচএসসি/সমমান পরীক্ষায় ২০১০ এবং ২০১১ সনে পাস করিয়াছে তাহারাই কেবল মাত্র আবেদনের যোগ্য।
 (গ) S.S.C. ও H.S.C. এই দুই পরীক্ষায় জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০০ কিন্তু যেকোন একটিতে পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং H.S.C. তে জীববিজ্ঞানে ন্যূনতম জিপিএ ৩.০০ হইতে হবে।
 (ঘ) ঢাকা ডেন্টাল কলেজে ১১০ জন এবং চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে প্রতিটিতে ৫০ জন করে সর্বমোট ২১০জন (সংরক্ষিত ১০টি আসন সহ) ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়।

৬। গত বছর ভর্তি পরীক্ষার সময়সূচীঃ ২৬ নভেম্বর, ২০১০ ইং।

৭। ওয়েবসাইট : www.dghs.gov.bd